

## শ্রম কল্যাণ সম্মেলন-২০১৯ এর সমাপনি অনুষ্ঠানে

প্রবাসী কর্মীরা যাতে সঠিক সময়ে সঠিক সেবা পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে

----প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি

ঢাকা-২৩ আগস্ট /২০১৯

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেছেন, প্রবাসী কর্মীরা যাতে সঠিক সময়ে সঠিক সেবা পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। দেশের কাঙ্ক্ষিত উন্নয়নে এবং বেকারত্ব দূরীকরণে বৈদেশিক কর্মসংস্থানের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আরো বলেন, সরকার শ্রম অভিবাসনকে নিরাপদ, নিয়মিত ও দায়িত্বশীল করতে কাজ করছে।

রেমিটেন্সে প্রণোদনা দেওয়ার সিদ্ধান্তটি যুগান্তকারী উল্লেখ করে মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেছেন, এতে প্রবাসীরা উপকৃত হচ্ছে। তিনি বৈধ পথে রেমিটেন্স প্রেরণের জন্য প্রবাসী কর্মীদের মাঝে সচেতনতা সৃষ্টি করতে শ্রম কল্যাণ উইংয়ের কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল রাত ৮টায় রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের পদ্মা হলে শ্রম কল্যাণ সম্মেলন-২০১৯ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেছেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম এমপি বলেছেন, প্রবাসী আয় দেশের অর্থনীতির অন্যতম ভিত্তি। তিনি সম্মেলনে অংশগ্রহণকারী কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেছেন, প্রবাসী কর্মীদের দেখভাল করার দায়িত্ব আপনাদের। বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে দেশের বেকারত্ব দূর করে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে চাই।

মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহানের সভাপতিত্বে বক্তব্য রাখেন অতিরিক্ত সচিব ড. আহমেদ মনিরুছ সালাহীন, রিয়াদের শ্রম কাউন্সেলর মেহেদী হাসান, এবং রাশিয়ার মস্কোর প্রথম সচিব লুবনা সিদ্দিকী। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বায়রার সভাপতি বেনজির আহমেদ এমপি, সাবেক সচিব বেগম শামসুন্নাহার, ড. নমিতা হালদার এনডিসি, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, প্রবাসী কল্যাণ ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক মাহতাব জাবীন, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নাজীবুল ইসলাম, সাবিহা পারভীন প্রমুখ।



